# মডেল টেস্ট– ৯

## ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. 'আল্লাহু গাফূরুন'। মহান আল্লাহর এ গুণে গুণান্বিত হতে চাইলে তুমি কী করবে?

ক) পরম দয়ালু হব
খ) ধৈর্যশীল হব
গ) সহনশীল হব
ঘ) অতি ক্ষমাশীল হব

২. সবুজ ফসলের মাঠ, সোনালি ধান, গাছগাছালি, বয়ে যাওয়া নদী, নীল আকাশ, তারা ঝলমল রাত, ঝড়, বৃষ্টি এসবই আল্লাহর সৃষ্টি। এসব নিদর্শনের ভিতর দিয়ে আল্লাহর কী প্রকাশ পায়?

ক) আল্লাহর দয়া
খ) আল্লাহ পালনকারী
গ) আল্লাহ সৃষ্টিকর্তা
ঘ) আল্লাহর যাবতীয় গুণের দীপ্তি

৩. প্রত্যেকেরই উচিত আল্লাহর আইন ও বিধান সম্পর্কে জ্ঞান অর্জন করা। এগুলো কী ধরনের কাজ?

ক) ফরজ
খ) সুন্নত
গ) নফল
ঘ) ওয়াজিব

৪. তোমার ছোট ভাই তোমার সঙ্গে একটি মন্দ আচরণ করেছে। তুমি কী করবে?

ক) সাথে সাথে শাস্তি দেব
খ) ঘর থেকে বের করে দেব
গ) তার প্রতি সহনশীল হব
ঘ) কখনোই কিছু বলব না

৫. নবি-রাসুলগণ ছিলেন মহান আল্লাহর প্রেরিত পুরুষ। তাঁদের জীবনের লক্ষ্য কী ছিল?

ক) মানুষের হেফাজত করা
খ) শয়তানকে ধ্বংস করা
গ) আসমানি কিতাবসমূহ রক্ষা করা
ঘ) মানুষের কল্যাণসাধন করা

৬. মানুষের অবাধ্যতা যখন চরমে পৌছবে ও আল্লাহর নাম নেয়ার মতো কেউ থাকবে না, তখন কী হবে?

ক) মিযান
খ) হাশর
গ) কিয়ামত
ঘ) সওয়াল জওয়াব

৭. ইবাদত শব্দের অর্থ আনুগত্য। আমাদের কার আনুগত্য করা উচিত?

ক) আল্লাহর
খ) ফেরেশতাদের
গ) রাসুলের
ঘ) সাহাবীদের

৮. 'রুকন' শব্দের অর্থ খুঁটি। ইসলামের কয়টি রুকন রয়েছে?

ক) দুইটি
খ) তিনটি
গ) চারটি
ঘ) পাঁচটি

৯. তুমি আল্লাহর ইবাদত করবে, কারণ ইবাদত করলে–

ক) আল্লাহ সন্তুষ্ট হন
খ) দুনিয়ায় বিখ্যাত হওয়া যায়
গ) আখিরাতে নেতা হওয়া যায়
ঘ) নামাজের শিক্ষা পাওয়া যায়

১০. তোমার বন্ধু শরীফের চরিত্র ভালো। তার জীবন কিরূপ হবে?

ক) ভালো
খ) সুন্দর
গ) অসুখী
ঘ) অগোছালো

১১. আমাদের প্রত্যেকেরই উচিত আল্লাহর আনুগত্য প্রকাশ করা। তাঁর আনুগত্য প্রকাশের সর্বশ্রেষ্ঠ মাধ্যম কোনটি?

ক) সালাত
খ) সাওম
গ) যাকাত
ঘ) হজ

Teachingbd.com

১২. প্রতিটি মুমিন ব্যক্তির উচিত সঠিক সময়ে সালাত আদায় করা। একজন মুমিনের জন্য এটি কী ধরনের কাজ?

ⓚ ফরজ ⓚ সুন্নত
ⓖ নফল ⓖ ওয়াজিব

১৩. মনে কর, তোমার দাদা খুব অসুস্থ। ডাক্তার তাঁকে তায়াম্মুম করে সালাত আদায় করতে বলেছেন। এজন্য তাঁর কোনটি প্রয়োজন হবে?

ক পবিত্র কাপড় খ পবিত্র মাটি
গ পরিষ্কার পানি ঘ পরিষ্কার পরিবেশ

১৪. মানুষ অন্যায় করার পর অনুতপ্ত হলে, আল্লাহ তাকে কী করেন?

ক ত্যাগ করেন খ শাসন করেন
গ স্মরণ করেন ঘ ক্ষমা করেন

১৫. 'বিশ্ব মুসলিমের মহাসম্মেলন'— উক্তিটি কিসের সাথে সম্পর্কযুক্ত বলে তুমি মনে কর?

ক ইসলামি জলসা খ বিশ্ব ইজতেমা
গ হজ ঘ ঈদের নামাজ

১৬. মোসা: খাদিজা সব সময় বিসমিল্লাহ বলে পড়া শুরু করে। মোসা: খাদিজা এ কাজটি কী হিসাবে গণ্য হবে?

ক ইবাদত খ ভালো কাজ
গ প্রশংসনীয় ঘ অনুসরণীয়

১৭. সাঈদ সালাত আদায়ের জন্য দাঁড়াল। কিন্তু তার সালাত আদায়ের স্থানটি অপবিত্র। এক্ষেত্রে তার কোন শর্তটি বাদ পড়েছে?

ক ওয়াজিব খ ফরজ
গ আরকান ঘ আহকাম

১৮. আখলাক অর্থ সদাচার। এটি কোন ভাষার শব্দ?

ক ফারসি খ আরবি
গ উর্দু ঘ বাংলা

১৯. তুমি মানুষকে সাহায্য করতে চাও। তোমার কাজটি কোনটি গঠনে?

ক ভ্রাতৃত্ব খ নৈতিক শিক্ষা
গ একতা ঘ সুন্দর চরিত্র

২০. তুমি কোনো এক নগরের বাসিন্দা। তুমি কীভাবে দেশের সেবা করবে?

ক সারাদেশে বৃক্ষ রোপণ করে
খ নগরের পরিবেশ পরিচ্ছন্ন রেখে
গ দেশের মানুষকে ভালোবেসে
ঘ বিদ্যুৎ, পানি ও গ্যাসের অপচয় রোধ করে

২১. তোমাদের মধ্যে যদি কেউ মন্দ কাজ করে তাহলে প্রথমে তোমার কোনটি করা উচিত?

ক ঘৃণা করবে খ শাস্তি দেবে
গ উপদেশ দেবে ঘ নিজের শক্তি দিয়ে বাধা দেবে

২২. তোমার পিতামাতা অসুস্থ, তোমার আচরণ কেমন হবে?

ক স্বাভাবিক ব্যবহার করবে খ আদেশ অমান্য করবে
গ তাঁদের সাথে ঝগড়া করবে ঘ তাঁদের সেবাযত্ন করবে

২৩. চরিত্র সুন্দর ও আচরণ ভালো করতে তুমি—

ক ফলদ গাছের যত্ন নিবে খ সব সময় প্রথম বেঞ্চে বসবে
গ প্রয়োজনে কটু কথা বলবে ঘ সৃষ্টির সেবা করবে

২৪. নিরাশ্রয় ব্যক্তির প্রতি তুমি কিরূপ আচরণ করবে?

ক খেতে দিবে খ তাড়িয়ে দিবে
গ আশ্রয় দিবে ঘ বস্ত্র দিবে

Teachingbd.com

২৫. তোমাদের এলাকার মানিক মিয়া গরুর গাড়ি চালান। তার পেশাগত পরিচয় হলো--
ক) গাড়োয়ান খ) দারোয়ান গ) আরোহী ঘ) চালক

২৬. শিল্পপতি আব্দুর রহমান ভূঁইয়া তার এলাকার সব মন্দ কাজে বাধা দেন। তার এ কাজটি কোনটির বহিঃপ্রকাশ?
ক) রাজনৈতিক মূল্যবোধ খ) ক্ষমতার দাপট
গ) সামাজিক মূল্যবোধ ঘ) নৈতিক মূল্যবোধ

২৭. তোমার বন্ধু তোমার বই ছিঁড়ে ফেলল। এক্ষেত্রে তুমি কী করবে?
ক) শাস্তি দিব খ) গালি দিব
গ) ক্ষমা করব ঘ) তার বই ছিঁড়ে দিব

২৮. আমি কুরআন মাজিদ নাজেল করেছি আর এর হেফাজতকারী আমি। এখানে কাকে বুঝানো হয়েছে?
ক) আল্লাহ তায়ালাকে খ) নবি-রাসুলগণকে
গ) ফেরেশতাগণকে ঘ) মুসলমানগণকে

২৯. মানুষের ভালো হওয়ার এবং কল্যাণ লাভের সব কথা, সব নিয়মনীতি একটি কিতাবে বর্ণিত আছে। কিতাবটির নাম কী?
ক) তাওরাত খ) যাবুর
গ) ইনজিল ঘ) কুরআন মজিদ

৩০. ফেরদৌস এমন একটি কিতাবের কথা জানতে পেরেছে যেটি যেমন নাজেল হয়েছিল, তেমনি আছে। ফেরদৌস কোন কিতাবটির কথা জানতে পেরেছিল?
ক) তাওরাত খ) যাবুর
গ) ইনজিল ঘ) কুরআন মজিদ

৩১. কুরআন মজিদ সহীহ-শুদ্ধভাবে তিলাওয়াতের একটি নিয়ম হলো গুন্নাহ। এর হরফ কয়টি?
ক) দুইটি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি

৩২. পৃথিবীর প্রথম লিখিত সনদ হলো মদিনা সনদ। এই সদনের কতটি ধারা ছিল?
ক) ৪৫টি খ) ৪৬টি গ) ৪৭টি ঘ) ৪৮টি

৩৩. মহানবী (স) এর নিকট একজন ফেরেশতা ওহী নিয়ে আসতেন। তার নাম কী?
ক) হযরত জীবরাঈল (আ) খ) হযরত মীকাইল (আ)
গ) হযরত আযরাঈল (আ) ঘ) হযরত ইসরাফিল (আ)

৩৪. মহানবি (স) মক্কা থেকে মদিনায় হিজরত করেন। সেখানকার অধিকারীরা তাঁকে কীভাবে গ্রহণ করল?
ক) শ্রদ্ধা ও ভক্তির সাথে
খ) বিরক্তির সাথে
গ) শত্রু মনোভাব নিয়ে
ঘ) পরম আগ্রহ ও ভালোবাসার সাথে

৩৫. হুদাইবিয়ার সন্ধি ইসলামের ইতিহাসে এক ঐতিহাসিক ঘটনা। কুরআনে এ সন্ধিকে কী বলে আখ্যায়িত করা হয়েছে?
ক) অপ্রকাশ্য বিজয় খ) প্রকাশ্য বিজয়
গ) আলোকবর্তিকা ঘ) সত্যসন্ধি

Teachingbd.com

৩৬. ইসলামের মূল বিষয় হচ্ছে—
ক) সর্বদা শান্তিপূর্ণ আচরণ
খ) সম্পূর্ণভাবে আল্লাহর নিকট আত্মসমর্পণ
গ) সকলের প্রতি দয়াশীল
ঘ) সর্বদা পবিত্র থাকা

৩৭. সালাতের আরকান কয়টি?
ক) পাঁচটি
খ) সাতটি
গ) তেরটি
ঘ) পনেরটি

৩৮. আল্লাহপাক যাকাতের বিধান দিয়েছেন কেন?
ক) ধনীদের অর্থের পরিমাণ বৃদ্ধি করতে
খ) গরিবদের অভাব দূর করতে
গ) মধ্যবিত্তদের চাহিদা মেটাতে
ঘ) ধনী ও গরিব উভয়ের কল্যাণার্থে

৩৯. মানুষের অধিকারকে কী বলা হয়?
ক) মানবতা
খ) মানবধর্ম
গ) মানবাধিকার
ঘ) মানবজাতি

৪০. মুমিনের আত্মরক্ষার ঢাল কী?
ক) সালাত খ) সাওম গ) আকিকা ঘ) হজ

৪১. সৃষ্টির সেরা জীব কে?
ক) ফেরেশতা
খ) নবি-রাসুল
গ) জিন
ঘ) মানুষ

৪২. 'আকিকা' শব্দের অর্থ—
ক) কেটে ফেলা খ) ভেঙে ফেলা
গ) টেনে বড় করা ঘ) জোড়া লাগানো

৪৩. কোনটি 'দুর্বল ইমানের পরিচয়'?
ক) শক্তি প্রয়োগে বাধা প্রদান
খ) মনে মনে ঘৃণা পোষণ করা
গ) পাপীকে উপদেশ প্রদান করা
ঘ) তার সাথে সম্পর্ক ছিন্ন করা

৪৪. কোনটি সামাজিক পরিবেশ?
ক) মানুষ খ) গাছপালা গ) মাটি ঘ) ঘরবাড়ি

৪৫. মহানবি (স)-এর জন্মভূমি কোথায় ছিল?
ক) ইরান
খ) বাগদাদ
গ) মক্কা
ঘ) মদিনা

৪৬. আমরা কার নির্দেশ মেনে চলব?
ক) আল্লাহর
খ) পিতামাতার
গ) শিক্ষকের
ঘ) বড়দের

৪৭. সর্বশেষ আসমানী কিতাব কোনটি?
ক) তাওরাত
খ) যাবুর
গ) ইনজিল
ঘ) কুরআন

৪৮. মহানবি (স) কত বছর বয়সে নবুয়ত লাভ করেন?
ক) ২৫ খ) ৩০ গ) ৪০ ঘ) ৫০

৪৯. 'খলিলুল্লাহ' অর্থ কী?
ক) মানুষের বন্ধু
খ) আল্লাহর বন্ধু
গ) ইসলামের শত্রু
ঘ) মানুষের শত্রু

৫০. হযরত নূহ (আ)-এর সময় কাফিররা কীভাবে মারা গেল?
ক) আগুনে পুড়ে
খ) বজ্রপাতে
গ) শিলাবৃষ্টির দ্বারা
ঘ) পানিতে ডুবে

teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১×১৫=১৫

(ক) সারা বিশ্বের পালনকর্তা একজন। তিনি কে?

(খ) সাওমের মাস একটি ফজিলতপূর্ণ মাস। ফজিলতের দিক দিয়ে এ মাসকে কয় ভাগে বিভক্ত করা হয়েছে?

(গ) নাহিদের মধ্যে সততা রয়েছে। নাহিদের এগুণটির সংজ্ঞা লেখ।

(ঘ) তাজবিদে কতগুলো বিষয়ের বিবরণ রয়েছে। এ বিষয়গুলো কি?

(ঙ) মদিনার সনদ পৃথিবীর সর্বপ্রথম লিখিত সনদ। এ সনদটি কিসের স্বাক্ষর বহন করে?

(চ) জাহান্নাম কী?

(ছ) সালাতের নিষিদ্ধ সময়গুলো কী কী?

(জ) মহানবি (স) মক্কাবাসীদের কিসের আহ্বান জানিয়েছিলেন?

(ঝ) কার সন্তুষ্টিতে আল্লাহ সন্তুষ্ট এবং অসন্তুষ্টিতে আল্লাহ অসন্তুষ্ট হয়?

(ঞ) তাজবিদ কাকে বলে?

(ট) সূরা মাউন কোথায় অবতীর্ণ হয়?

(ঠ) হযরত দাউদ (আ)-এর বীরত্বের উদাহরণ দাও।

(ড) মহানবি (স)-কে নবি বলে প্রথম কে ভবিষ্যদ্বাণী করেন?

(ঢ) মানবজাতির আদিপিতা ও আদিমাতা কে কে ছিলেন?

(ণ) তাঁকে 'আল-আমীন' উপাধি দেওয়া হয়েছিল? এখানে কার কথা বলা হয়ছে।

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭=৩৫

(ক) মনে কর, তোমাদের পাড়ার একজন লোকের মৃত্যু হয়েছে। এক্ষেত্রে তোমার পাঁচটি করণীয় উল্লেখ কর। ৫

(খ) আমরা কার শেখানো নিয়মে সালাত আদায় করব? সালাত সম্পর্কে তিনি কী বলেছেন? সালাতের সময় হলে তুমি কী করবে? তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

(গ) শ্রম অর্থ কী? শ্রম সম্পর্কে আল্লাহ তায়ালা কী বলেছেন? শ্রমিকদের সাথে তুমি কিরূপ ব্যবহার করবে তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

(ঘ) কুরআন মজিদ শুদ্ধভাবে তিলাওয়াতের জন্য কতগুলো বিরামচিহ্ন ব্যবহার করা হয়েছে। এ বিরামচিহ্নগুলোকে কী বলা হয়? কে সর্বপ্রথম এ বিরামচিহ্নগুলো ব্যবহার করেন? তিনটি বিরামচিহ্নের পরিচয় দাও। ১+১+৩=৫

(ঙ) হযরত ঈসা (আ) পুনরায় পৃথিবীতে আগমন করবেন। তাঁর আগমনের কারণ কী? তাঁর চারটি মোজেযা উল্লেখ কর। ১+৪=৫

(চ) আখিরাত কাকে বলে? কারা আখিরাতের কথা বলেছেন? আখিরাতে বিশ্বাসের তিনটি নৈতিক উপকার উল্লেখ কর। ১+১+৩=৫

(ছ) পবিত্রতা কাকে বলে? পাক-পবিত্র থাকা প্রয়োজন কেন? পাক-পবিত্রতার তিনটি উপকারিতা লেখ। ১+১+৩=৫

(জ) মহানবি (স)-এর জীবনের ক্ষমার একটি আদর্শ কাহিনী পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঝ) তাজবিদ কাকে বলে? সঠিক উচ্চারণে কুরআন মজিদ তিলাওয়াত করার কী কী লাভ আছে চারটি বাক্যে লেখ। ১+৪=৫

(ঞ) হযরত নূহ (আ)-এর সময় প্লাবনের ঘটনাটি থেকে আমরা কী শিক্ষা অর্জন করতে পারি? পাঁচটি বাক্যে লেখ। ৫

Teachingbd.com

# মডেল টেস্ট - ৯ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক |
| ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ |
| ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ |
| ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | খ |
| ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | খ | ৪১ | ঘ | ৪২ | ক | ৪৩ | গ | ৪৪ | ঘ | ৪৫ | গ |
| ৪৬ | ক | ৪৭ | ঘ | ৪৮ | গ | ৪৯ | খ | ৫০ | ঘ | | | | | | | | |

২। (ক) সারা বিশ্বের পালনকর্তা হলেন একমাত্র আল্লাহ তায়ালা।

(খ) সাওমের মাসকে ফজিলতের দিক দিয়ে তিন ভাগে ভাগ করা হয়েছে।

(গ) নিজের স্বার্থ বড় করে না দেখা এবং অপরের স্বার্থ ক্ষুণ্ন হোক তা না চাওয়ার নামই হলো সততা।

(ঘ) তাজবিদে মাখরাজ, ইদগাম, গুন্নাহ ইত্যাদি বিষয়ের বিবরণ রয়েছে।

(ঙ) মদিনার সনদ হযরত মুহম্মদ (স)-এর রাজনৈতিক প্রজ্ঞা, কূটনৈতিক দূরদর্শিতা, ধর্মীয় সহিষ্ণুতা এবং সুন্দর সমাজ গঠনের এক জ্বলন্ত স্বাক্ষর বহন করে।

(চ) জাহান্নাম হলো চিরস্থায়ী কষ্টের স্থান।

(ছ) সালাতের নিষিদ্ধ সময় হলো— ১. ঠিক সূর্যোদয়ের সময়, ২. ঠিক দ্বিপ্রহরের সময় এবং ৩. সূর্যাস্তের সময়।

(জ) মহানবি (স) মক্কাবাসীদেরকে সত্য ও ন্যায়ের পথে চলার আহ্বান জানিয়েছিলেন।

(ঝ) পিতার সন্তুষ্টিতে আল্লাহ সন্তুষ্ট এবং অসন্তুষ্টিতে আল্লাহ অসন্তুষ্ট হয়।

(ঞ) শুদ্ধভাবে কুরআন মজিদ তিলাওয়াতের নিয়মকে তাজবিদ বলে।

(ট) সূরা মাউন মক্কায় অবতীর্ণ হয়।

(ঠ) হযরত দাউদ (আ) আল্লাহদ্রোহী ও অত্যাচারী শাসক জালুতের বিরুদ্ধে যুদ্ধ করে তাকে পরাজিত ও হত্যা করেছিলেন।

(ড) বহীরা নামক এক পাদ্রি মহানবি (স)-কে নবি বলে প্রথম ভবিষ্যদ্বাণী করেন।

(ঢ) মানবজাতির আদিপিতা হলেন হযরত আদম (আ) ও আদিমাতা হযরত হাওয়া (আ)।

(ণ) এখানে হযরত মুহাম্মদ (স)-এর কথা বলা হয়েছে।

Teachingbd.com

http://teachingbd.com